**ডিনের কার্যালয়**
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবন (১০ম তলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

**Office of the Dean**
Faculty of Engineering and Technology
Centre for Advanced Research in Sciences
Bhabon (9th Fl), University of Dhaka
Dhaka-1000, Bangladesh

স্মারক নং-ই.এন্ড টি.অনু: ৫২৭ /২০২৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

# ট্রান্সক্রিপ্ট জমা ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি-২

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৫ম ধাপে ৪র্থ মাইগ্রেশনের বিষয় মনোনয়ন ০৩/১০/২০২৪ তারিখ প্রকাশ করা হয়েছে। **মেধাক্রম ২৬৯৩ হতে ৩৪৭০ মেধাক্রমে বিষয় প্রাপ্ত প্রার্থীদের** (কোটা ব্যতীত) মধ্যে ভর্তি ইচ্ছুক প্রার্থীদেরকে আগামী **০৬/১০/২০২৪** তারিখে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সূচী অনুযায়ী এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্রের ট্রেনিং রুমে (কক্ষ নং ১১২, দ্বিতীয় তলা), মোকাররম ভবন এলাকাস্থ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এ জমা দিতে হবে।

বিষয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী ইতোপূর্বে মূল ট্রান্সক্রিপ্ট জমা দিয়েছে অথবা নিম্নে উল্লিখিত তারিখে জমা দিবে তাদেরকে **(মেধাক্রম ১ হতে ৩৪৭০ পর্যন্ত এবং কোটায় মনোনীত প্রার্থীসহ)** বর্তমানে মনোনয়ন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে স্বশরীরে উপস্থিত হয়ে **আগামী ৭ অক্টোবর ২০২৪ হতে ১০ অক্টোবর ২০২৪ বিকাল ৩:০০ টার** মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে উপরিউক্ত মেধাক্রম (১ হতে ৩৪৭০) ও কোটায় মনোনীত প্রার্থীদের মধ্যে কোনো প্রার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন না করলে ঐ প্রার্থীর বিষয় ও প্রতিষ্ঠানের মনোনয়ন বাতিল বলে গন্য হবে।

## ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার সময় প্রার্থীদের নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবে (মেধাক্রম ২৬৯৩ হতে ৩৪৭০):

(ক) ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।
(খ) এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
(গ) অনলাইনে পূরণকৃত প্রার্থীর প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম ও শিক্ষার্থীর ভর্তিযোগ্য বিষয়সমূহের পছন্দক্রম-এর প্রিন্ট কপি (ফরমের নিচের অংশে প্রার্থীর স্বাক্ষর ও মোবাইল নম্বর লিখতে হবে)।
(ঘ) অনলাইনের মাধ্যমে বর্তমানে বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা পরিশোধের রশিদের প্রিন্ট কপি (ইউনিট ও শিক্ষার্থী অংশ)। উল্লেখ্য, রশিদের প্রিন্ট কপির শিক্ষার্থীর অংশ ট্রান্সক্রিপ্ট জমার সময় ডিন অফিসের স্বাক্ষর নিয়ে নিজের নিকট সংরক্ষণ করতে হবে, যা প্রার্থীর ভর্তির সময় প্রার্থীর প্রয়োজন হবে।

- সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহ ডিন অফিসে জমা রাখা হবে।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ডিন অফিস-এ জমা দেওয়ার পূর্বে প্রার্থীদের এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহের পর্যাপ্ত সংখ্যক (কমপক্ষে ২০ কপি) ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে, যা পরবর্তিতে ভর্তি সংক্রান্ত ও অন্যান্য বিভিন্ন কাজে প্রয়োজন হবে।

## ট্রান্সক্রিপ্ট জমার সময়সূচী:

| তারিখ ও বার | মেধাক্রম | সময় |
|---|---|---|
| ৬ অক্টোবর ২০২৪ রোজ রবিবার | ২৬৯৩ হতে ২৯০০ | সকাল ৯:৩০ হতে সকাল ১০:৩০ |
| | ২৯০১ হতে ৩২০০ | সকাল ১০:৩০ হতে সকাল ১১:৩০ |
| | ৩২০১ হতে ৩৪৭০ | সকাল ১১:৩০ হতে দুপুর ১২:৩০ |

## ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করার জন্য যে সকল কাগজপত্রের প্রয়োজন হবে:

(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছাড়া ৬ (ছয়) কপি রঙিন ছবি।
(গ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রতিটির সত্যায়িত ছাড়া ২ (দুই) টি ফটোকপি।
(গ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত Testimonial (চারিত্রিক সনদসহ প্রশংসাপত্র) সত্যায়িত ছাড়া ১ (এক) টি ফটোকপি।
(ঙ) এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের সত্যায়িত ছাড়া ২ (দুই) টি ফটোকপি।
(চ) অভিভাবকের আয়ের সনদ (চাকুরিদাতা প্রতিষ্ঠান কর্তৃক অথবা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ পৌর মেয়র/পৌর কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।
(ছ) ভর্তি ফি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট হতে জানতে হবে।

03.10.2024

চলমান পাতা-২

**ডিনের কার্যালয়**
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবন (১০ম তলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

**Office of the Dean**
Faculty of Engineering and Technology
Centre for Advanced Research in Sciences
Bhabon (9th Fl), University of Dhaka
Dhaka-1000, Bangladesh



## ভর্তি ইচ্ছুক প্রার্থীদের জন্য বিশেষ নির্দেশনা:

- ভর্তির কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩,৪০০.০০ টাকা এবং বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫,০০০.০০ টাকা বিশ্ববিদ্যালয়ে অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- যে সকল প্রার্থী ইতোপূর্বে প্রাথমিক নিশ্চায়ন ফি বাবদ ৩,০০০.০০ পরিশোধ করেছে, ঐ সকল প্রার্থীদের মধ্যে যারা সরকারি প্রতিষ্ঠানে মনোনীত হয়েছে তারা নতুনভাবে ৪০০.০০ (চারশত) এবং বেসরকারি প্রতিষ্ঠানে মনোনীত প্রার্থীদেরকে নতুনভাবে ২০০০.০০ (দুই হাজার) টাকা জমা দিয়ে নতুন ইস্যুকৃত পে-ইন স্লিপ-এর প্রিন্ট কপি নিয়ে ভর্তির জন্য মনোনীত সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউটে জমা দিতে হবে। উপরোক্ত জমাকৃত টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নির্ধারিত ভর্তি ফি-এর সাথে সমন্বয় করে ঐ প্রতিষ্ঠানের অবশিষ্ট ভর্তি ও অন্যান্য ফি জমার মাধ্যমে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- যে সকল প্রার্থী বিষয় মনোনয়ন পায় নাই আসন খালি হওয়া সাপেক্ষে মেধাক্রমের ভিত্তিতে তাদেরকে পর্যায়ক্রমে বিষয় মনোনয়ন দেওয়া হবে।
- বিষয় মনোনয়ন ও ভর্তি সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ তথ্য জানতে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে অনলাইন অফিসের গুরুত্বপূর্ণ তথ্য এবং প্রযুক্তি ইউনিট-এর সকল নোটিশ নিয়মিত দেখতে হবে।
- কোনো প্রকার কাগজপত্র কালার ফটোকপি করে মূল কপি হিসেবে দেখালে বা জমা দিলে ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে সকল মনোনীত প্রার্থী মূল ট্রান্সক্রিপ্ট জমা দেয় নাই, তাদেরকে অবশ্যই উল্লিখিত সময়সূচী অনুযায়ী মূল ট্রান্সক্রিপ্ট ডিন অফিসে জমা দিয়ে ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে তাদের ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

## ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের (Transcript Received সিলযুক্ত) ফটোকপি মনোনিত কলেজ/ইনস্টিটিউটসমূহে জমা দিতে হবে (ডিন অফিস-এ এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার)
- প্রার্থীর বর্তমান মনোনিত বিষয়ের প্রিন্টকপি কলেজ/ইনস্টিটিউটসমূহে জমা দিতে হবে।
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি ফিসহ অন্যান্য আনুষঙ্গিক ফি জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- যেসকল প্রার্থী ভর্তি সম্পন্ন করবে তাদের অটোমাইগ্রেশন চলমান থাকবে।
- কোনো প্রার্থী অটোমাইগ্রেশন না চাইলে অনলাইনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তি ইউনিট ভর্তি সংশ্লিষ্ট ওয়েব সাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) লগইন করে অটোমাইগ্রেশন বন্ধের আবেদন করতে হবে।
- যেসকল প্রার্থী তার পছন্দক্রমের ১ নং বিষয়ে মনোনয়ন পেয়েছে, তাদের অটোমাইগ্রেশন বন্ধের প্রয়োজন নেই।
- অটোমাইগ্রেশনের ফলে প্রতিষ্ঠান পরিবর্তন হলে প্রার্থীর জমাকৃত ফি পরবর্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে সমন্বয় করা হবে।

03.10.2024

(অধ্যাপক ড. উপমা কবির)
ডিন (ভারপ্রাপ্ত)
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
এবং
কোঅর্ডিনেটর
প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪
ঢাকা বিশ্ববিদ্যালয়